



সীমান্ত দিয়ে মাদক-অস্ত্র ঢুকলে সরকারের দরকার কী: জামায়াত আমির



বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

সীমান্ত দিয়ে মাদক, অস্ত্র ও টাকা প্রবেশ ঠেকাতে না পারলে সরকারের ক্ষমতায় থাকার প্রয়োজন নেই বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতের আমির ডা. শফিকুর রহমান। এ ব্যর্থতার দায় নিয়ে সরকারের পদত্যাগ করা উচিত বলেও মন্তব্য করেন তিনি।

শনিবার (২৪ অক্টোবর) সকালে মৌলভীবাজার সার্কিট হাউস মিলনায়তনে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

শফিকুর রহমান বলেন, স্বরাষ্ট্রমন্ত্রী বিভিন্ন মন্ত্রণালয়ে সেবা দিলেও তাঁর মূল দায়িত্ব নিজ মন্ত্রণালয় পরিচালনা করা। কিন্তু মাদক, অস্ত্রের প্রবেশ ও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে তিনি ব্যর্থ হয়েছেন বলে অভিযোগ করেন জামায়াত আমির।

গোয়েন্দা তথ্যের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বক্তব্য দিতে পারেন না বলেও মন্তব্য করেন তিনি। প্রধানমন্ত্রীকে উদ্দেশ্য করে শফিকুর রহমান বলেন, কখন ও কোথায় বৈঠক করেছেন, তা স্পষ্ট করে জানাতে হবে। এ বিষয়ে প্রমাণ দেওয়ার চ্যালেঞ্জও জানান তিনি।

বিরোধী দল সংসদের ভেতরেই সব সংকটের সমাধান করতে চেয়েছিল উল্লেখ করে জামায়াত আমির বলেন, সরকারি দলের কারণে তাদের রাজপথে নামতে বাধ্য হতে হয়েছে।

মানুষের গণভোটের রায় মেনে নেওয়া হলে অনেক সমস্যার সমাধান হয়ে যেত বলেও মন্তব্য করেন তিনি।